শরীয়তপুরে মোবাইল কোর্টের আসামী ছিনতাই, আটক ৩

‎

শরীয়তপুরের নড়িয়া উপজেলার পদ্মানদীতে অবৈধ ড্রেজারের মাধ্যমে মাটি কাটার অপরাধে মোবাইল কোর্টের মাধ্যমে আটককৃত অপরাধীদের কে ছিনতাই করে নিয়ে যাওয়ার খবর পাওয়য়া গেছে। মঙ্গলবার দুপুরে এ ঘটনা ঘটেছে। এ ঘটনায় জড়িত থাকার অপরাধে ড্রেজার ব্যবসায়ীসহ আরো ৩ জনকে আটক করেছে।

নড়িয়া থানা ও সহকারী ভুমিকর্মকর্তার অফিস সূত্রে জানাগেছে মঙ্গলবার বেলা অনুমান ১টায় স্থানীয় লোকজনের অভিযোগের ভিত্তিতে নড়িয়া উপজেলা সহকারী ভুমি কর্মকর্তা মোঃ রাসেদুজ্জামান ৫ জন নৌপুলিশ সহ পদ্মা নদীতে অবৈধ ড্রেজার উৎখাতের জন্য মোবাইল কোর্ট পরিচালনা করে। সেখানে গিয়ে একটি অবৈধ ড্রেজার ও একটি বলগেট সহ ১৩জন কে আটক করে। এ সংবাদ জানতে পেরে ড্রেজারের মালিক নড়িয়া সরকারী কলেজের ছাত্র সংসদের সাবেক ভিপি ও নড়িয়া উপজেলা স্বেচ্ছাসেবকলীগের সাবেক সাধারন সম্পাদক মোস্তফা সিকদার একটি সি-বোর্ড নিয়ে ঘটনাস্থলে গিয়ে মোবাইল কোর্টের কর্মকর্তাদেরকে কাজে বাধা দেয় । এ সময় পুলিশ ও সহকারী ভুমি কর্মকর্তা আটককৃতদের নিয়ে আসার পথে ড্রেজারের মালিক মোস্তফা সিকদার ২০/২৫ লোকজন নিয়ে পদ্মার পাড় থেকে আটককৃতদের ছিনিয়ে নেয়। এ সময় নদীর পাড় থেকে পুলিশ মোস্তফার ভাই সুমন সিকদার সহ ৩ জনকে আটক করে নিয়ে যায়। আটককৃত অন্যরা হচ্ছেন আলী হোসেন খান ও রাসেল হোসেন । সুরেশ্বর নৌপুলিশ ফাড়ির পুলিশ কর্মকর্তা এস আই মোঃ জয়নাল আবেদীন বলেন, পদ্মানদী থেকে অবৈধ ড্রেজারর লোকজন আটক করে নড়িয়া বাজার লঞ্চঘাট এসে লোকজন নিয়ে নামার সময় মোস্তফা সিকদার তার দলবল নিয়ে আটককৃতদের ছিনিয়ে নিয়ে যায়।

এ ব্যাপারে মোস্তফা সিকদার বলেন, আমি নড়িয়া বাজার থেকে নদীর পাড় পর্যন্ত নদীর তীর রক্ষা বাধ দিতে নদী থেকে বালু উত্তোলন করার জন্য ড্রেজার ও বলগেট এনে নদীতে রাখি।সরকারী অনুমতি নিয়ে বালু উত্তোলন করবো। কেবা কারা অভিযোগ দিয়েছে আমি ড্রেজার দিয়ে বালু উত্তোলন করছি। এ অভিযোগ পেয়ে নড়িয়া উপজেলা সহকারী ভুমি কর্মকর্তা মোঃ রাসেদুজ্জামান আমার বলগেট ড্রেজার সহ আমার

লোকজনদের আটক করে নিয়ে গেছে। আমি কাউকে ছিনিয়ে নেইনি।

এ ব্যাপারে নড়িয়া উপজেলা সহকারী ভুমি কর্মকর্তা মোঃ রাসেদুজ্জামান বলেন, মোবাইল কোর্টের মাধ্যমে অবৈধ ড্রেজারের সঙ্গে জড়িতদেরকে আটক করা হলে মোস্তফা সিকদার লোকজন নিয়ে ছিনিয়ে নিয়ে যায়। পুলিশ ৩ জনকে আটক করেছে। আসামী ছিনিয়ে নেয়ার ব্যাপারে আইনগত ব্যবস্থা নেয়া হবে।